



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ।

নথি নম্বর-৫৩.১৭.০০০০.১২০.২৩.০০১.১৮. ২৮৭৫


তারিখ : ২৪ ফেব্রুয়ারি, ২০২০

অভিনন্দনপত্র

“ডেপ্ৰিসিয়েশন ফান্ড অব বাংলাদেশ ব্রিজ অথরিটি” শিরোনামে প্রধান শাখা, ঢাকায় পরিচালিত ৩,০০,০০,০০০.০০ (তিন কোটি) টাকার একটি কেবিটিডিএস আমানত হিসাব (হিসাব নং-০০১৩২) শতকরা বার্ষিক ৬.৮০% সুদ হারে গত ৩০.০১.২০২০ তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছর মেয়াদে নবায়ন করা হয়েছে। উল্লিখিত কেবিটিডিএস আমানত হিসাবটি নবায়নের ক্ষেত্রে জনাব তামান্না আমিন (সভত সূচক নং- ০২১২), সিনিয়র প্রিন্সিপাল অফিসার, সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা অবদান রেখেছেন।

ব্যাংকের তহবিল ব্যবস্থাপনায় এ অবদানের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ হতে আপনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আপনার এ অর্জন ব্যাংকের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীর জন্য অনুকরণীয় হবে বলে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মনে করে।

ব্যাংকের সার্বিক উন্নয়ন ও সুনাম বৃদ্ধিতে আপনার এ ধরনের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমরা আশা করি।


(মোঃ তাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক

জনাব তামান্না আমিন (সভত সূচক নং-০২১২)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ
কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি প্রেরণ করা হলো :

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের পরামর্শ দেয়া হলো);
৫. অফিস নথি/ব্যক্তিগত নথি/এমআইএস।